রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ১৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৫, ২০১৮

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৫১—১৬৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪০৯—৪৩৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯—৯৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৭—৩০৪ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়

শৃংখলা-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ মাঘ ১৪২৪/০৪ ফেব্রুয়ারি ২০১৮

**নম্বর ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.১৭(বি.মা.)-৬৫**—যেহেতু, জনাব মোহাম্মদ আবু নাসের বেগ (পরিচিতি নম্বর-১৬০০৬), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা বর্তমানে সিনিয়র সহকারী সচিব, খাদ্য মন্ত্রণালয়, সাভার উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে ব্যক্তি বিশেষের নামে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণে নিজস্ব তহবিল হতে ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকার অধিক প্রকল্প গ্রহণ এবং এ কাজগুলো সম্পাদনের লক্ষে ২০টি কমিটি গঠন, টাকার পরিমাণ উল্লেখ না থাকায় ও একই স্থানে একই কাজে বিভিন্ন প্রকল্প গ্রহণ, ২০টি প্রকল্পের মধ্যে ৭টি প্রকল্পে সর্বমোট ১২,২৯,৪০০ (বার লক্ষ উনত্রিশ হাজার চারশত) টাকা উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জন্য খরচ করা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ের জন্য নির্মাণ/মেরামত কাজ সংক্রান্ত আরো ৬(ছয়)টি প্রকল্পের জন্য প্রায় ১২,৭৯,৯৯৩ (বার লক্ষ উনআশি হাজার নয়শত তিরানব্বই) টাকা ব্যয় করা , প্রকল্পগুলোতে ব্যয়িত অর্থের পরিমাণ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার অধিক হওয়ায় কাজগুলো পিপিআর ২০০৮ অনুসারে উম্মুক্ত টেন্ডারের মাধ্যমে সম্পন্ন না করা এবং প্রকল্পগুলো উপজেলা সদরে হওয়ায় কমিটির আহবায়ক উপজেলা পরিষদের কোন কর্মকর্তাকে না করে বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে কমিটির আহবায়ক করে বিধিমালা লঙ্ঘন করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক “অসদাচরণ (Miscondict)” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে ১১-১২-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ১৬-০১-২০১৮ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে তিনি জানান যে, প্রকল্পগুলো সঠিকভাবে বাস্তবায়ন করেছেন, প্রকল্পের কাজে কোন অনিয়ম হয়নি এবং সংশ্লিষ্ট কোন বিধিমালা লঙ্ঘিত হয়নি। তিনি প্রকল্পগুলো নিয়মিত তদারকি করেছেন। তিনি দায়িত্ব-কর্তব্য পালনে কোন অবহেলা করেননি মর্মে উল্লেখ করে নিজেকে নির্দোষ দাবি করেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতেও তদন্ত করা হয়। স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (ম ও মূ) এর তদন্ত প্রতিবেদনে দেখা যায় যে, প্রকল্পগুলো গুনগতমান বজায় রেখে সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে এবং সরেজমিনে তদন্তে কোন ভূয়া প্রকল্প পাওয়া যায়নি;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Miscondict)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণীত না হওয়ায় এবং অভিযুক্ত একজন নবীন কর্মকর্তা বিবেচনায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ আবু নাসের বেগ (পরিচিতি নম্বর- ১৬০০৬), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, সাভার ঢাকা বর্তমানে সিনিয়র সহকারী সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী " অসদাচরণ (Miscondict)"-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৪/১৫ ফেব্রুয়ারি ২০১৮

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৮-২১—পেনশন পদ্ধতি অধিকতর সংশোধন, সংযোজন, ও পরিমার্জনের মাধ্যমে আধুনিকায়ন ও অধিকতর সহজীকরণের লক্ষে নিম্নরূপ আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১। অতিরিক্ত সচিব (প্রবারা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। অতিরিক্ত সচিব (প্রবিধি), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৩। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪। অতিরিক্ত সচিব (প্রবিধি-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৫। যুগ্ম-সচিব (রাষ্ট্রয়াত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৬। যুগ্ম-সচিব (প্রবিধি-২)

৭। যুগ্ম-সচিব (প্রবিধি-২ অধিশাখা)

৮। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি

৯। প্রধনমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি

১০। জনপ্রশসন মন্ত্রণালয়ের প্রতিনিধি

১১। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি

১২। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি

১৩। সিজিএ এর প্রতিনিধি

১৪। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি

**সদস্য-সচিব**

১৫। যুগ্ম-সচিব (প্রবিধি-১ অধিশাখা)

**কমিটির কর্মপরিধি নিম্নরূপ :**

১। পেনশন সংক্রান্ত বিদ্যমান আদেশ, বিধি-বিধান ইত্যাদি পর্যালোচনা করে অসঙ্গতি দূরীকরণ ও অস্পষ্ট বিষয়সমূহ স্পষ্টীকরণ।

২। পেনশন সংক্রান্ত আদেশসমূহ কার্যকরকরণ/প্রয়োগের দিক থেকে উদ্ভূত সমস্যাসমূহ চিহ্নিত করে তা সমাধানের একটি যুগপোযোগী কর্মপন্থা নির্ধারণের সুপারিশ।

৩। একটি সমন্বিত যুগপোযোগী আধুনিক পেনশন সহজীকরণ পদ্ধতি প্রনয়ন ও বাস্তবায়নের সুপারিশ প্রদান।

৪। প্রাসঙ্গিক বিষয়ে পর্যালোচনা ও মতামত প্রদান।

**মোঃ মমতাজ উদ্দিন**
যুগ্মসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[শুল্ক]**

**বিশেষ আদেশ**

তারিখ : ০৭ ফাল্গুন ১৪২৪বঃ/১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ

**নং ৬৯/২০১৮/শুল্ক/৪৯**।—The Customs Act, 1969 এর Section 104 এর উদ্দেশ্যপূরণকল্পে একই আইনের Section 13(2)(a) এবং 219(b) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, অন্যান্য সমজাতীয় প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সমতা আনয়ন অর্থাৎ প্রতিযোগিতামূলক করার জন্য মেসার্স আব্দুল মোনেম সুগার রিফাইনারী লিঃ এর অনুকূলে হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সম্মতি জ্ঞাপন করছে।

০২। অনুচ্ছেদ ০১ এর উদ্দেশ্যপূরণকল্পে The Customs Act, 1969 এর Section 13 (1) অনুযায়ী কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা উক্ত প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্তে হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রদান করবেন;

ক. সরকার কর্তৃক ভিন্নরূপ কোন সিদ্ধান্ত গৃহীত হলে প্রদত্ত বন্ড লাইসেন্স আইনানুগভাবে বাতিলযোগ্য হবে;

খ. উক্ত প্রতিষ্ঠান কমিশনার কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা বরাবরে বন্ডেড ওয়ার হাউজ লাইসেন্সিং রুলস, ২০০৮ এর পরিশিষ্ট-০১ এর ক্রমিক নং ৬ ডি মোতাবেক হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রদানের জন্য বিধিমালা অনুযায়ী প্রযোজ্য সকল দলিলাদিসহ আবেদন করবেন;

গ. প্রতিষ্ঠানটি The Customs Act, 1969 এর একাদশ অধ্যায়সহ প্রযোজ্য সকল বিধান, বন্ডেড ওয়ার হাউস লাইসেন্সিং বিধিমালা-২০০৮ এবং অপরাপর প্রচলিত বিধি-বিধান পালন করতে বাধ্য থাকবেন;

ঘ. প্রতিষ্ঠানটি বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য সরকারি সংস্থার প্রচলিত বিধি-বিধান পালন করতে বাধ্য থাকবেন;

ঙ. প্রযোজ্য আইন ও বিধি-বিধানের লংঘনের ক্ষেত্রে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ.এফ.এম শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

## আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## আইন ও বিচার বিভাগ

### বিচার শাখা-৩

### প্রজ্ঞাপন

তারিখঃ ৩০ মাঘ ১৪২৪ বঃ/১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং ১১৪-বিচার-৩/১ডি-১১/২০১৫**—যেহেতু সিরাজগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ পরবর্তীতে আইন বিচার ও বিভাগের সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা ও দায়রা জজ) বর্তমানে খুলনা ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক (যুগ্ম-জেলা ও দায়রা জজ) বেগম রোজিনা আক্তার-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) মোতাবেক যথাক্রমে-অসদাচরণ ও Desertion এর অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তাঁর বিরুদ্ধে ১১/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম রোজিনা আক্তার এর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০১৫ নং বিভাগীয় মামলায় আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) মোতাবেক যথাক্রমে-অসদাচরণ ও Desertion অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টে সাথে পারামর্শক্রমে সিরাজগঞ্জের সাবেক যুগ্ম জেলা ও দায়রা জজ পরবর্তীতে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা ও দায়রা জজ) বর্তমানে খুলনার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক যুগ্ম-জেলা ও দায়রা জজ) বেগম রোজিনা আক্তার কে তাঁর বিরুদ্ধে রজুকৃত ১১/২০১৫ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

### বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ, ০১ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৮৯/২০০৫ (অংশ)-৮১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপানাকে জনাব ইব্রাহিম খলিল, পিতা-সফিক উল্লাহ, মাতা-রাহেনারা বেগম, গ্রাম-রামপুর, ওয়ার্ড নং ৯, সোনাইমুড়ী, পৌরসভা, ডাকঘর-সোনাইমুড়ী, উপজেলা-সোনাইমুড়ী, জেলা-নোয়াখালী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী পৌরসভার ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২এন-৮৯/২০০৫ (অংশ)-৮২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব ইব্রাহিম খলিল, পিতা-মৃত সফিক উল্লাহ, মাতা-ঝরনা আক্তার, গ্রাম-ভানুয়াই, ওয়ার্ড নং ৪, সোনাইমুড়ী পৌরসভা, ডাকঘর-সোনাইমুড়ী, উপজেলা-সোনাইমুড়ী, জেলা-নোয়াখালী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী পৌরসভার ৩ ও ৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৮৯/২০০৫ (অংশ)-৮৩—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মাছুম বিল্লাহ, পিতা-মোঃ হারুনুর রশীদ, মাতা-আমেনা বেগম, গ্রাম-সোনাইমুড়ী পূর্ব ওয়ার্ড-৬, সোনাইমুড়ী পৌরসভা, ডাকঘর-সোনাইমুড়ী, উপজেলা-সোনাইমুড়ী, জেলা-নোয়াখালী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী পৌরসভার ৬ ও ৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৮৯/২০০৫ (অংশ)-৮৪—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপানাকে জনাব মুহাম্মদ হুমায়ুন কবির, পিতা-মুহাম্মদ হানিফ, মাতা-হোছনেয়ারা বেগম, গ্রাম-কাঠালী, ওয়ার্ড নং ৮, সোনাইমুড়ী পৌরসভা, ডাকঘর-সোনাইমুড়ী, উপজেলা-সোনাইমুড়ী, জেলা-নোয়াখালী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী পৌরসভার ৫ ও ৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

## ভূমি মন্ত্রণালয়

### জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখঃ ২৯ মাঘ ১৪২৪/১১ ফেব্রুয়ারি ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৯.২৩.২০১৫.২৩—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূরান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| মৌজার নাম | জেএল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|
| সেহালই দর্শনপাড়া | ১০৬ | মোহনপুর | রাজশাহী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

---

### অধিগ্রহণ শাখা-১

### এল.এ.কেস নং ২৬/১৯৭৬-৭৭

### সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতবেক নোটিশ

তারিখঃ ৭ফাল্গুন ১৪২৪বঃ/১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৫.১৬-৭৮—যেহেতু, নিম্ন তফসীলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের (১৯৪৮) সারের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৬-০২-৭৭ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসীলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

### তফসিল

মৌজা-রাজারবাগ, জে, এল নং ২৮৬

| সি,এস দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৮১৬ | ০.৫৩ |
| ৮১৭ | ০.৪৭ |

মোট = ১.০০ একর

জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এল, এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মির্জা তারিক হিকমত**
যুগ্মসচিব।

**এলএ কেস নং ৮৪/৬৬-৬৭**

**ফরম "ঘ"**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখঃ ৭ ফাল্গুন ১৪২৪বঃ/১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৫.১৪-৭৯—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০৫-৭৯ খ্রি: তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফশীলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসীল**

জেলা: রংপুর, উপজেলা: কাউনিয়া, মৌজা: নিজপাড়া

| খতিয়ান নম্বর (এসএ) | দাগ নম্বর (এসএ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৭৮২ | ৩৩১ | ০.৮০ | ০.০৩ |
| ৭৮২ | ৭০১ | ০.৫৫ | ০.০২ |
| ২৯৯ | ৭০৪ | ০.০৪ | ০.০৪ |
| ৭৭৭ | ৭০৫ | ০.৩৮ | ০.০২ |
| ২৫২ | ৭০৭ | ০.৪৬ | ০.০২ |
| ১ | ৮১১ | ০.২৮ | ০.০১ |
| ২৯৯ | ৮১২ | ০.১৯ | ০.০১ |
| ৮ | ১৫৯৮ | ০.১৭ | ০.০৬ |
| ৭৫২, ৭৫৩ | ১৬০২ | ১.৩৬ | ০.১৫ |
| ৩৭৪, ৩৭৬ | ১৬৪৯ | ০.৯২ | ০.১২. |
| ৩৮৬ | ১৬৬৬ | ০.৩৮ | ০.১০ |
| ১ | ১৬৭৯ | ০.৩৯ | ০.০১ |
| ২১০ | ১৬৮২ | ০.৩২ | ০.০২ |
| ২১০ | ১৬৮৩ | ০.১৭ | ০.১২ |
| ৩৮৭ | ১৬৮৪ | ০.৮৯ | ০.৩০ |
| ২৩৩ | ১৬৮৫ | ০.৫৫ | ০.৪৪ |
| ৩৮৭ | ১৬৮৬ | ০.২৬ | ০.২৬ |
| ৩৮৬ | ১৬৮৭ | ০.০৬ | ০.০৬ |
| ৩০২ | ১৬৮৮ | ০.৫৩ | ০.১৮ |
| ৩৭৪ | ১৬৮৯ | ০.৩৩ | ০.৩৩ |
| ১ | ১৬৯০ | ১.৮২ | ০.২৪ |
| ২০৪ | ১৬৯১ | ০.৬৫ | ০.৩৪ |
| ৩৭৭ | ১৬৯২ | ০.০৫ | ০.০৫ |
| ৫৬৯ | ১৬৯৩ | ০.৬২ | ০.৫০ |
| ৫৬৭ | ১৬৯৪ | ০.৭৯ | ০.৫৩ |
| ৩৭৭ | ১৬৯৫ | ০.০৪ | ০.০৪ |
| ৫৬৭ | ১৬৯৬ | ০.৩২ | ০.৩০ |
| ৫৬৭ | ১৬৯৭ | ০.২৭ | ০.২৭ |
| ২০৯ | ১৬৯৮ | ০.৫৬ | ০.৪৪ |
| ৫৬৭ | ১৭০২ | ০.২০ | ০.০৩ |

| খতিয়ান নম্বর (এসএ) | দাগ নম্বর (এসএ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ২০৯ | ১৭১৫ | ০.৫৬ | ০.১৫ |
| ২২৬ | ১৭১৬ | ০.১০ | ০.১০ |
| ২০৮ | ১৭১৭ | ০.১০ | ০.১০ |
| ৩৪৯ | ১৭১৮ | ০.০৭ | ০.০৭ |
| ৩৭৬ | ১৭১৯ | ০.১৩ | ০.১০ |
| ২০৮ | ১৭২২ | ০.১২ | ০.০৮ |
| ৩৪৯ | ১৭২৪ | ০.০৯ | ০.০৪ |
| ৩৮৭ | ১৭৩৬ | ০.১০ | ০.০৯ |
| ২০৮ | ১৭৩৭ | ০.২২ | ০.০২ |
| ৫৬৭ | ২২৪৮ | ০.৯১ | ০.০৫ |
| ৫৬৭ | ২২৫২ | ০.২৮ | ০.০৭ |
| ৫৬৭ | ২৪৩৩ | ০.১১ | ০.০২ |
| ৫৬৭ | ২৪৩৪ | ০.১৪ | ০.১৪ |
| ৫৬৭ | ২৪৩৫ | ১.১৪ | ১.০৮ |
| ৫৬৮ | ২৪৩৬ | ০.৬৫ | ০.৬৫ |
| ৫৬৮ | ২৪৩৭ | ০.৩৪ | ০.৩২ |
| ৫৬৮ | ২৪৩৮ | ০.৭৬ | ০.৬০ |
| ৬৮০ | ২৪৩৯ | ০.১৭ | ০.১৭ |
| ৬৮০ | ২৪৪১ | ০.১৮ | ০.০৫ |
| | মোট = | ৮.৯৪ | |

জমির পরিমাণ কম/বেশী ৮.৯৪ একর।

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয় রংপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মির্জা তারিক হিকমত**
যুগ্মসচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানী-৩ অধিশাখা**

**আদেশ**

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৪/১৩ ফেব্রুয়ারি ২০১৮

**নং ২৬.০০.০০০০.১০২.১১.০০২.২০১৪-৬১**—উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ০৭.১৫৫.০১৫.২৬.০০.০০৩. ২০১২-১৪৯, তারিখ: ০৫ এপ্রিল ২০১৫ খ্রিঃ এবং নং ০৭.০০.০০০০.১৬৫.১৯.০১২.১২-৯৫, তারিখ: ৩১ আগস্ট ২০১৫-এর প্রেক্ষিতে জেনেভাস্থ বাংলাদেশ স্থায়ী মিশনে বাণিজ্যিক উইং স্থাপন ও নিম্নোক্ত পদ সৃজনে নির্দেশক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরী জ্ঞাপন করছি:

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম (অনুমোদনকালে) (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুসারে) | বেতনক্রম (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুসারে Corresponding স্কেল) |
|---|---|---|---|---|
| ০১ | কমার্শিয়াল কাউন্সেলর | ০১টি | টাকা ২২,২৫০-৩১,২৫০ (৫ম গ্রেড) | টাকা ৩৫,৫০০-৬৭,০১০ (৫ম গ্রেড) |
| ০২ | প্রথম সচিব (বাণিজ্যিক) | ০১টি | টাকা ১৮,৫০০-২৯,৭০০ (৬ষ্ঠ গ্রেড) | টাকা ৪৩,০০০-৬৯৮৫০ (৬ষ্ঠ গ্রেড) |

২। উপর্যুক্ত পদ সৃজন প্রস্তাবে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এই সংক্রান্ত ব্যয় বাণিজ্য মন্ত্রণালয়ের সাংবিধানিক কোডে জেনেভা মিশন-এর জন্য বাজেট বরাদ্দ থেকে নির্বাহ করা হবে।

৪। এই মঞ্জুরী জ্ঞাপনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

**এস. এম. মাসুদুর রহমান**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি বিশ্ববিদ্যালয়-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৮-২৫**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১২(১) ধারা অনুযায়ী রিয়ার এডমিরাল আব্দুল বাতেন বিএসপি, এনডিসি, পিএসসি (পি নং ১৮৫)-কে বাংলাদেশ নৌবাহিনীতে প্রত্যাবর্তনের জন্য ভাইস-চ্যান্সেলর পদ হতে অব্যাহতি প্রদানপূর্বক প্রেষণে নিয়োগকৃত রিয়াল এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৩৪৪)-কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করেছেন :

(ক) উপাচার্য পদে তাঁর এ নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেও তাঁকে অব্যাহতি দিতে পারবেন;

(খ) উপাচার্য হিসেবে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি পাবেন এবং উপাচার্য পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন; এবং

(ঘ) তাঁর এ নিয়োগ আগামী ০২-০২-২০১৮ তারিখ অথবা যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**জিন্নাত রেহানা**
উপসচিব।

---

**সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং শিম/শা:১৮/বা:ইউ:বি:-৪/২০০৮/৫৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, আইন, ২০০৯ এর ১১(১) ধারায় বাংলাদেশ সেনাবাহিনী বিএ-২৯০৫ মেজর জেনারেল মোঃ এমদাদ উল বারী, এনডিসি, পিএসসি, টিই-কে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেন :

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ ৩ (তিন) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এই নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

(খ) ভাইস-চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি অনুযায়ী পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;

(ঘ) এই নিয়োগ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**হাবিবুর রহমান**
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ ফাল্গুন ১৪২৪/২৬ ফেব্রুয়ারি ২০১৮

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.১৫(অংশ)-৮৪**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন)(১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল:

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | মুন্সিবাড়ি<br>গ্রাম: উত্তর ধরণীবাড়ী<br>ডারার পার<br>ইউনিয়ন: ধরণীবাড়ী<br>ডাকঘর: ধরণীবাড়ী<br>মৌজা: ধরণীবাড়ী<br>উপজেলা/থানা: উলিপুর<br>জেলা: কুড়িগ্রাম। | ধরণীবাড়ী | ১১৬০ | ২২১৬ | ১.১৩ (একর) | উত্তর: আব্দুর রাজ্জাক<br>দক্ষিণ: সরকারি পুকুর<br>পূর্ব: খছর আলীর বাড়ী<br>পশ্চিম: ইসলামিক মিশন | এস.এ মালিক আশালতা মুন্সি জং ব্রজেন্দ্রলাল মুন্সি, রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ৯২(গ) উপধারা মোতাবেক ০৭/৮১ নং মিস মোকাদ্দমায় ০৮-১২-৮১ইং তারিখে রায়মতের স্বত্ব বিলোপ পূর্বক দায়মুক্ত করে সরকারের উপর ন্যস্ত হয় এবং খাস খতিয়ানভুক্ত হয়। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহেদুল হাসান**
উপসচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ, ২৯ মাঘ ১৪২৪/১১ ফেব্রুয়ারি ২০১৮

**নং সবিম/শা-৬/প্রত্ন:অধি-১০/২০১০-৬০**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল:

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | পুরাতন কাচারীবাড়ী<br>গ্রাম: মুকসুদপুর<br>পুরাতন কাচারীবাড়ী<br>উপজেলা: মুকসুদপুর<br>জেলা: গোপালগঞ্জ | ১৩নং মুকসুদপুর | ০১ | ২০৩ | ০.৩১ | উত্তরে: মুকসুদপুর বাওড়<br>দক্ষিণে: বিশ্বরোড<br>পূর্বে: চাঁদ মিয়ার বাড়ী<br>পশ্চিমে: সরকারি খাল | বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ | হ্যাঁ | প্রাচীন ঐতিহ্য সংরক্ষণ এবং প্রাকৃতিক সৌন্দয্যের নিদর্শন মুকসুদপুর বাওড় সংলগ্ন অত্র ভবনটি পর্যটন সম্ভাবনাময় কেন্দ্র হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সরদার মতিয়ার রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০০৭.১৮(অংশ নথি)-০২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, খুলনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার খুলনা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্র: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ১। | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব নিলুফা আক্তার, সহকারী শিক্ষক, সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা। | সদস্য |
| ২। | ১০(১)(ঙ) | সমাজসেবী | এ্যাডঃ সুলতানা রহমান শিল্পী, বিজ্ঞ মহানগর পিপি, খুলনা। | সদস্য |
| ৩। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব আঞ্জুমনোয়ারা বেগম, পিতা-নওয়াব আলী খাঁ, মাতা-ফাতেমা বেগম, শেরে বাংলা সংযোগ গলি, শেখপাড়া, খুলনা। | সদস্য |
| ৪। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব বলাকা রায়, পিতা-সুহাস রায়, ৪৮, ফারাজীপাড়া রোড, খুলনা। | চেয়ারম্যান |
| ৫। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব হালিমা ইসলাম, স্বামী-শাহিনুল ইসলাম, ৪৫ সাউথ সেন্টাল রোড, খুলনা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ৪নং ক্রমিকের জনাব বলাকা রায়, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুখলেছুর রহমান খান**
সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১)।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা**

**সংশোধিত প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৭ ফাল্গুন ১৪২৪/১৯ ফেব্রুয়ারি ২০১৮

নং **৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪-১১০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১৩-১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রম আদালত, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদসমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো :

**আহবায়ক/সভাপতি**

(১) চেয়ারম্যান (সংশ্লিষ্ট আদালত)।

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৪) বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৫) রেজিস্ট্রার, সংশ্লিষ্ট আদালত

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদ সরাসরি নিয়োগ/ পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/ পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) কর্মচারীদের জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী প্রাপ্য আর্থিক সুবিধা মঞ্জুরীর ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট অফিস স্মারক /প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪-১১১—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩. ২০১৩-১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ নিম্নতম মজুরী বোর্ড এর রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদসমূহে সরাসরি/ পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো :

**আহবায়ক/সভাপতি**

(১) চেয়ারম্যান নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৪) বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৫) সচিব, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদ সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) কর্মচারীদের জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী প্রাপ্য আর্থিক সুবিধা মঞ্জুরীর ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট অফিস স্মারক /প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪০.০০.০০০০.০১১.০৪০.০০৩.২০১৪-১১২—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০. ০৪৩.২০১৩-১৪৩ নম্বর সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধিনস্থ শ্রম আপীল ট্রাইব্যুনালের রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদসমূহ সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি বিভাগীয় নির্বাচন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো :

**আহবায়ক/সভাপতি**

(১) সদস্য, শ্রম আপীল ট্রাইব্যুনাল।

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি।

(৪) বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়ের উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৫) রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদ সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) কর্মচারীদের জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী প্রাপ্য আর্থিক সুবিধা মঞ্জুরীর ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।

(খ) এই কমিটি গ্রেড ১১-২০ (সাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণি) পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট অফিস স্মারক /প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহীন আখতার**
উপসচিব (প্রশাসন)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ফেব্রুয়ারি ২০১৮

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০২.১৬-১৮৪**—সুনামগঞ্জ পৌরসভার মেয়র জনাব আয়ুব বখ্‌ত গত ০১-০২-২০১৮ ইং তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১) (চ) মোতাবেক সরকার উল্লিখিত আসনের মেয়র এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি

**নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৭৬.১৫/১৩৯**—যেহেতু জনাব আবদুল্লাহ আল মামুন (লাভলু), পিতা-আঃ মন্নান মুন্সী, সাং অনুরাগ, উপজেলা-নলছিটি, জেলা-ঝালকাঠী, নলছিটি পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, জনাব আবদুল্লাহ আল মামুন (লাভলু) এর বিরুদ্ধে বাংলাদেশ দণ্ডবিধির ১৪৩/৩০৭/৩২৬/৩২৪/৩২৩/৩৭৯/৫০৬ ধারায় নলছিটি থানার মামলা নং ২২, তারিখ, ৩০-০১-২০১৬ রুজু করা হলে মামলাটি তদন্ত শেষে নলছিটি থানার অভিযোগপত্র নং ৪৯ গত ৩০-০৩-২০১৭ তারিখে অভিযোগপত্র দাখিল করা এবং উক্ত কাউন্সিলর এর বিরুদ্ধে দঃবিঃ ১৪৩/৩০৭/৩২৬/৩২৩/২০৬(রর) ধারার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হয় এবং দাখিলীয় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, বর্ণিত মামলার বিবরণ অনুযায়ী ১৭ (সতের) জনের বিরুদ্ধে বেআইনী জনতাবদ্ধে খুনের উদ্দেশ্যে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও ভোতা অস্ত্র দিয়ে পিটিয়ে গুরুতর ও সাধারণ জখমকরতঃ ভীতি প্রদর্শন করেন;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১এর উপধারা (১) মোতাবেক যেক্ষেত্রে কোন পৌরসভার কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে অথবা তার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হয়েছে, সে ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে;

যেহেতু, জনতাবদ্ধে খুনের উদ্দেশ্যে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও ভোতা অস্ত্র দিয়ে পিটিয়ে গুরুতর ও সাধারণ জখমকরতঃ ভীতি প্রদর্শন সংক্রান্ত মামলার অভিযোগে অভিযুক্ত আসামী জনাব আবদুল্লাহ আল মামুন (লাভলু) কর্তৃক ওয়ার্ড কাউন্সিলর হিসাবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে বিধায় তাঁর কর্তৃক কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোন থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাঁকে কাউন্সিলর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, ঝালকাঠী জেলার নলছিটি পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আবদুল্লাহ আল মামুন (লাভলু) কে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম আনিছুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৬ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ/৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.২০১৭-১৬৯**—যেহেতু, জনাব এ, জেড, এম আহসান উল্লাহ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গংগাচড়া, রংপুর এর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ, ০৯-০৮-২০১৭ স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.১৭-৭৩৩, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের জবাব প্রেরণ করেননি; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ৩১-১০-২০১৭ খ্রি তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.২০১৭-১০৪৮ মূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব এ, জেড, এম আহসান উল্লাহ তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-০১-২০১৮ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং তাঁর দাখিলকৃত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব এ, জেড, এম আহসান উল্লাহ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গংগাচড়া, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিস্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২৫.২০১৭-১৭০**—যেহেতু, জনাব অরবিন্দ রায়, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোসাইরহাট, শরিয়তপুর এর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ, ১২-০৬-২০১৭ স্মারক নং ৪৬.০০.০০০০. ০৬৭.২৭.০৩২.২০১৭(অংশ)-৫২৯, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের জবাব প্রেরণ করেননি; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ৩১-১০-২০১৭ খ্রি তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২৫.২০১৭-১০৪৯ স্মারক মূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব অরবিন্দ রায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-০১-২০১৮ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং তাঁর দাখিলকৃত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব অরবিন্দ রায়, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোসাইরহাট, শরীয়তপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিস্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩৩.২০১৭-১৭১—যেহেতু, জনাব মোঃ রাহাত ইসলাম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সালথা, ফরিদপুর এর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ, ০৯-০৮-২০১৭ স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.১৭-৭৩৪, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের জনাব প্রেরণ করেননি; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ৩১-১০-২০১৭ খ্রি তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩৩.২০১৭-১০৪৯ মূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব রাহাত ইসলাম তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-০১-২০১৮ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং তাঁর দাখিলকৃত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ রাহাত ইসলাম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সালথা, ফরিদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২৭.২০১৭-১৭২—যেহেতু, জনাব আকতার হোসেন, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভেদরগঞ্জ, শরিয়তপুর এর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ, ২৯-০৬-২০১৭ স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.১৭(অংশ)-৬০১, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের জবাব প্রেরণ করেননি; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ৩১-১০-২০১৭ খ্রি তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২৭.২০১৭-১০৪৩ মূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব আকতার হোসেন তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-০১-২০১৮ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং তাঁর দাখিলকৃত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব আকতার হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩০.২০১৭-১৭৩—যেহেতু, জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর এর বিরুদ্ধে সরকারী নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ, ০৯-০৮-২০১৭ স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.২০১৭-৭৩০, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের জবাব প্রেরণ করেননি; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ৩১-১০-২০১৭ খ্রি তারিখের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩০.২০১৭-১০৪৬ মূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মোজাহিদুল ইসলাম তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-০১-২০১৮ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং তাঁর দাখিলকৃত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২৩.২০১৭-১৭৪—যেহেতু, জনাব মোঃ সাঈফুল আজম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিলেট সদর, সিলেট এর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ, ১৭-০৫-২০১৭ স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০৩২.২০১৭-৪৩৩, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের জবাব প্রেরণ করেননি; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ৩১-১০-২০১৭ খ্রি তারিখের নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২৩.২০১৭-১০৪৯ স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ সাঈফুল আজম তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-০১-২০১৮ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ এবং তাঁর দাখিলকৃত জবাব, আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ সাঈফুল আজম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিলেট সদর, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবদুল মালেক**
সচিব।

পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

এসডিজি সেল

প্রজ্ঞাপন

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৪/০৪ মার্চ ২০১৮

নং ৫২.০০.০০০০.০২৮.০৫.০০৯.১৭.১১৩—জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এবং আন্তর্জাতিক রিপোর্টিং-এর জন্য সরবরাহকৃত সূচকসমূহের মানসম্মত, হালনাগাদ ও গ্রহণযোগ্য তথ্য-উপাত্ত প্রস্তুত ও সরবরাহের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC) গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ০১. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি) | সভাপতি |
| ০২. | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ০৩. | অতিরিক্ত সচিব/উইং প্রধান (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ০৪. | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | সদস্য |
| ০৫. | মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (নিপোর্ট) | সদস্য |
| ০৬. | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | সদস্য |
| ০৭. | পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) | সদস্য |
| ০৮. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ০৯. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ১০. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ১১. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ১৩. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ১৪. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | সদস্য |
| ১৫. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১৮. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ১৯. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), সুরক্ষা সেবা বিভাগ | সদস্য |
| ২০. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| ২১. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| ২২. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), পানিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২৩. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ২৪. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ২৫. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ২৬. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), অর্থ বিভাগ | সদস্য |
| ২৭. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ২৮. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), বাংলাদেশ ব্যাংক | সদস্য |

| | | |
|---|---|---|
| ২৯. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৩০. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৩১. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ৩২. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৩৩. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৩৪. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩৫. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩৬. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), শ্রম মন্ত্রণালয় | সদস্য |
| ৩৭. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি) | সদস্য |
| ৩৮. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), জাতীয় রারাজস্ব বোর্ড (এনবিআর) | সদস্য |
| ৩৯. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪০. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৪১. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), খাদ্য অধিদপ্তর | সদস্য |
| ৪২. | প্রতিনিধি (যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের), পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| ৪৩. | নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) | সদস্য |
| ৪৪. | পরিচালক, ইনস্টিটিউট অব স্ট্যাটিসটিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৪৫. | প্রতিনিধি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| ৪৬. | প্রতিনিধি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) | |
| ৪৭. | প্রতিনিধি, বাংলাদেশ নিটওয়্যার্স ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ) | সদস্য |
| ৪৮. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট পরিসংখ্যানবিদ | সদস্য |
| ৪৯. | সদস্য-সচিব, জরিপ/শুমারি প্রস্তাব পরীক্ষা, অনুমোদন ও পরিবীক্ষণ কমিটি, বিবিএস | সদস্য |
| ৫০. | অতিরিক্ত সচিব/ উইং-প্রধান (প্রশাসন উইং), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে এবং প্রয়োজনে নির্দিষ্ট বিষয়ের জন্য উপকমিটি গঠন করতে পারবে।

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) রূপকল্প ২০২১ অর্জনের লক্ষ্যে এখনও অসম্পূর্ণ রয়েছে সে বিষয়গুলো চিহ্নিত করা;

(খ) জাতিসংঘ সহস্রাব্দ উন্নয়ন সূচকের বিপরীতে বাংলাদেশের সাফল্যগুলো তথ্য উপাত্তের মাধ্যমে স্পষ্ট করা;

(গ) কমিটি জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এবং আন্তর্জাতিক রিপোর্টিং-এর জন্য সরবরাহকৃত সূচকসমূহের জন্য মানসম্মত, হালনাগাদ ও গ্রহণযোগ্য তথ্য-উপাত্ত প্রস্তুত ও সরবরাহের লক্ষ্যে তথ্য-উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠান/সংস্থা চিহ্নিতকরণ ও সূচকভিত্তিক ম্যাপিং/সুনির্দিষ্টকরণসহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার পরিসংখ্যান সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় সাধন ও সুপারিশ করবে;

(ঘ) আন্তর্জাতিক পর্যায়ে রিপোর্টিং সূচকসমূহের সরবরাহকৃত তথ্য-উপাত্ত সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত প্রস্তুতকারী সংস্থার দাপ্তরিক ওয়েবসাইটে ব্যবহারবান্ধব উপযোগী করে প্রকাশ ও হালনাগদ নিশ্চিতকরণ এবং একই সাথে তা বিবিএস-এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে;

(ঙ) বিভিন্ন জাতীয় আন্তর্জাতিক সূচকের জন্য মানসম্মত, হালনাগাদ ও গ্রহণযোগ্য তথ্য-উপাত্ত প্রস্তুত ও সরবরাহে যথাযথ মান নিশ্চিতকল্পে ধারনা, সংজ্ঞা ও পদ্ধতি প্রমিতকরণ কার্যক্রম গ্রহণ এবং তথ্য-উপাত্ত সত্যকরণে (Authentication) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে;

(চ) অফিসিয়াল পরিসংখ্যান প্রণয়নে দ্বৈততা পরিহার, যথাসম্ভব বিভাজিত (Disaggregated) পর্যায়ে পরিসংখ্যান প্রস্তুত, আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণে পরিসংখ্যান প্রস্তুতকারী সংস্থাসমূহের মধ্যে সমন্বয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে;

(ছ) অফিসিয়াল পরিসংখ্যান বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনে বিষয়ভিত্তিক কারিগরী কমিটি গঠন করে পর্যাপ্ত পর্যালোচনাপূর্বক তার আলোকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে;

(জ) পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র (এনএসডিএস) অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় পরিসংখ্যান সংক্রান্ত কার্যক্রমের সুষ্ঠু সমন্বয়ের স্বার্থে 'পরিসংখ্যান সেল' গঠন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণ করবে;

(ঝ) কমিটি প্রতি ৩ মাসে অন্তত একবার সভা অনুষ্ঠান করবে এবং বিভিন্ন আন্তর্জাতিক রিপোর্টিং-এর জন্য প্রস্তুতকৃত তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**এ বি এম জাকির হোসাইন**
অতিরিক্ত সচিব (প্রশাসন)।